দৈনিক
ইনকিলাব

তারিখ ... 22 FEB 2009
পৃষ্ঠা ... 12 ... 2




ইনকিলাব ঃ লক্ষ্মীপুরের কমলনগরে একুশের আলোচনায় ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষের পর ঘটনাস্থল (বামে) আহত ওয়াহেদ (ডানে)

# কমলনগরে ভাষা দিবসের আলোচনায় ছাত্রলীগের দু' গ্রুপের সংঘর্ষে আহত ১৩

## ভাঙচুর সভা পণ্ড

**কমলনগর (লক্ষ্মীপুর) উপজেলা সংবাদদাতা ঃ** লক্ষ্মীপুরের কমলনগর উপজেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা সভায় ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে ১৩ জন আহত হয়েছে। ওই সময় চেয়ার মারামারি, ধাওয়া-পাল্টা ধাওয়া, মোটরসাইকেল ভাঙচুরের ঘটনায় সভা পণ্ড হয়ে যায়। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। যেকোন মুহূর্তে বড় ধরনের সংঘর্ষের আশঙ্কা করছে এলাকাবাসী। গতকাল সকালে উপজেলা সদর হাজিরহাট উত্তর বাজার ফলকন ইউনিয়ন ছাত্রলীগের উদ্যোগে আয়োজিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা চলাকালে দলীয় কোন্দলের জের ধরে ছাত্রলীগের একটি গ্রুপ অপর গ্রুপকে মঞ্চে উঠতে বাধা দেয়। এই নিয়ে উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। এতে ছাত্রলীগ কর্মী ওয়াহেদ (২২), ফলকন ইউনিয়ন ছাত্রলীগ সহ-সভাপতি সুমন (২২), সাধারণ সম্পাদক মাকছুদ (২৩), কর্মী রাসেল (২৪), দিদার (২০), আজাদ (২২) আওয়ামী লীগ কর্মী সফিক (৩৫) ও সেলিম (৪০)সহ উভয় পক্ষের ১৩ জন আহত হয়। গুরুতর পৃঃ ৮ কঃ ৩

### কমলনগরে ভাষা দিবসের আলোচনায়

১২-এর পৃষ্ঠার পর

আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি এবং অন্যদের স্থানীয় ক্লিনিকে চিকিৎসা দেয়া হচ্ছে। এই ঘটনায় যুবলীগ নেতা সেলিমের মোটর সাইকেল (ঢাকা মেট্রো-এ-০৩২৯৯২) অপর গ্রুপ ভাঙচুর করে নিয়ে যায়।